

## ধাতুমুদ্রার নতুন সিরিজ জারি

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক শীঘ্রই পঞ্চাশ পয়সা, এক টাকা, দু টাকা, পাঁচ টাকা এবং দশ টাকা মূল্যমানের নিম্নলিখিত ধাতুমুদ্রাগুলি প্রচলনে আনবে।

এইসব মূল্যমানের ধাতুমুদ্রাগুলি নিম্নলিখিত মাত্রা, নকশা এবং গঠনের অনুরূপ হবে, অর্থাৎ

মূল্যমান	আকার এবং বাইরের ব্যাস	খাঁজের সংখ্যা	ধাতু মিশ্রণ
50 পয়সা	বৃত্তাকার 19 মিলিমিটার	কিনারায় 100 খাঁজ	ফেরিটিক স্টেনলেস স্টিল যার মধ্যে লোহা-83% ক্রোমিয়াম-17%
এক টাকা	বৃত্তাকার 22 মিলিমিটার	কোনাকুনিভাবে বিপরীত পাশে 25 খাঁজ	ফেরিটিক স্টেনলেস স্টিল যার মধ্যে লোহা-83% ক্রোমিয়াম-17%
দু টাকা	বৃত্তাকার 25 মিলিমিটার	কিনারায় বিস্তৃততর খাঁজ 50	ফেরিটিক স্টেনলেস স্টিল যার মধ্যে লোহা-83% ক্রোমিয়াম-17%
পাঁচ টাকা	বৃত্তাকার 23 মিলিমিটার	কিনারায় 100	নিকেল পিতল যার মধ্যে তামা-75% দস্তা-20% নিকেল-5%
দশ টাকা	বৃত্তাকার 27 মিলিমিটার	এ্যালুমিনিয়াম ব্রোঞ্জ তামা-92% এ্যালুমিনিয়াম-6% নিকেল-2%	কিউপ্রো নিকেল যার মধ্যে তামা-75% নিকেল-25%

এই ধাতুমুদ্রাগুলি নিম্নলিখিত নকশা অনুযায়ী হবে, যথাঃ

মূল্যমান	মুখভাগ	পৃষ্ঠভাগ
পঞ্চাশ পয়সা	ধাতু মুদ্রার এই ভাগে থাকবে অশোক স্তম্ভের শীর্ষস্থ সিংহ, নীচে খোদিত নীতিবাক্য “ सत्यमेव जयते ” এবং বাম দিকের পরিধির পাশে হিন্দিতে “भारत” শব্দ এবং ডানদিকের পরিধিতে ইংরাজিতে “INDIA” শব্দ থাকবে।	ধাতুমুদ্রার এই ভাগে থাকবে আন্তর্জাতিক অংকে লিখিত মূল্যমান “50” এবং বাম ও ডান পরিধিতে ফুলের নকশা। উপরের পরিধিতে লিখিত মূল্যমানের নীচে হিন্দিতে “पैसे” শব্দ এবং ইংরাজিতে “PAISE” শব্দ লেখা থাকবে। নীচের পরিধিতে প্রদর্শিত হবে আন্তর্জাতিক অংকে লিখিত মুদ্রণবর্ষ।
এক টাকা	ধাতু মুদ্রার এই ভাগে থাকবে অশোক স্তম্ভের শীর্ষস্থ সিংহ, নীচে খোদিত নীতিবাক্য “ सत्यमेव जयते ” এবং বাম দিকের পরিধির পাশে হিন্দিতে “भारत” শব্দ এবং ডানদিকের পরিধিতে ইংরাজিতে “INDIA” শব্দ থাকবে।	ধাতুমুদ্রার এই ভাগে থাকবে আন্তর্জাতিক অংকে লিখিত মূল্যমান “1” এবং বাম ও ডান পরিধিতে ফুলের নকশা। উপরের পরিধিতে থাকবে টাকার প্রতীক “₹” এবং নীচের পরিধিতে প্রদর্শিত হবে আন্তর্জাতিক অংকে মুদ্রণবর্ষ।
দু টাকা	ধাতু মুদ্রার এই ভাগে থাকবে অশোক স্তম্ভের শীর্ষস্থ সিংহ, নীচে খোদিত নীতিবাক্য “ सत्यमेव जयते ” এবং বাম দিকের পরিধির পাশে হিন্দিতে “भारत” শব্দ এবং ডানদিকের পরিধিতে ইংরাজিতে “INDIA” শব্দ থাকবে।	ধাতুমুদ্রার এই ভাগে থাকবে আন্তর্জাতিক অংকে লিখিত মূল্যমান “2” এবং বাম ও ডান পরিধিতে ফুলের নকশা। উপরের পরিধিতে থাকবে টাকার প্রতীক “₹” এবং নীচের পরিধিতে প্রদর্শিত হবে আন্তর্জাতিক অংকে মুদ্রণবর্ষ।
পাঁচ টাকা	ধাতু মুদ্রার এই ভাগে থাকবে অশোক স্তম্ভের শীর্ষস্থ সিংহ, নীচে খোদিত নীতিবাক্য “ सत्यमेव जयते ” এবং	ধাতুমুদ্রার এই ভাগে থাকবে আন্তর্জাতিক অংকে লিখিত মূল্যমান “5” এবং বাম ও ডান পরিধিতে ফুলের নকশা। উপরের

	বাম দিকের পরিধির পাশে হিন্দিতে “भारत” শব্দ এবং ডানদিকের পরিধিতে ইংরাজিতে “INDIA” শব্দ থাকবে।	পরিধিতে থাকবে টাকার প্রতীক “₹” এবং নীচের পরিধিতে প্রদর্শিত হবে আন্তর্জাতিক অংকে মুদ্রণবর্ষ।
দশ টাকা	ধাতু মুদ্রার এই ভাগে থাকবে অশোক স্তম্ভের শীর্ষস্থ সিংহ, নীচে খোদিত নীতিবাক্য “सत्यमेव जयते” এবং বাম দিকের পরিধির পাশে হিন্দিতে “भारत” শব্দ এবং ডানদিকের পরিধিতে ইংরাজিতে “INDIA” শব্দ থাকবে। নীচের অংশে আন্তর্জাতিক অংকে বর্ষসংখ্যা লেখা থাকবে।	উপরের পরিধিতে, 10 টি বহির্প্রমারি বিচ্ছুরিত আলোকরশ্মির মত প্যাটার্ন উল্লয়ন এবং সুসংবদ্ধ অবস্থা চিত্রিত করে। কেন্দ্রীয় অংশে টাকার প্রতীক “₹” এবং নীচের পরিধিতে থাকবে আন্তর্জাতিক অংকে মূল্যমান “10”.

ভারতীয় কয়েনেজ অ্যাক্ট, 1906 অনুযায়ী এই ধাতুমুদ্রাগুলি বৈধ টেন্ডার। এই মূল্যমানের বর্তমানে বিদ্যমান ধাতুমুদ্রাও বৈধ টেন্ডার হিসাবে চালু থাকবে।

জে.ডি.দেশাই  
সহকারি প্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2011-2012/120